# ২০১৩

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমূল্য। ১৫×৬=৯০

### পর্ব - ১

১। 'পূরবী' কাব্যের কবিতা অবলম্বনে কবির মানসবৈশিষ্ট্যের পরিচয় দাও।

*অথবা*

কবির জীবনভাবনার পরিপ্রেক্ষিতে 'লীলাসঙ্গিনী' কবিতার তাৎপর্য বুঝিয়ে দাও।

২। রবীন্দ্রনাথের শেষ পর্যায়ের কাব্যগুলির মধ্যে 'প্রান্তিক' কাব্যের স্থান নির্ধারণ করো।

*অথবা*

'প্রান্তিক' কাব্যে প্রতিফলিত কবির মৃত্যুচেতনা সম্পর্কে তোমার অভিমত দাও।

[ পরপৃষ্ঠায়]

## পর্ব - ২

৩। 'রাজা' নাটকের গানগুলি নাটকের বক্তব্য পরিস্ফুটনে কতখানি সহায়তা করেছে তা ব্যক্ত করো।

*অথবা*

'রাজা' নাটকের উৎস কি? রবীন্দ্রনাথের স্বকীয়তাযোগে নাটকটি কীভাবে শৈল্পিক উৎকর্ষ লাভ করেছে তার পরিচয় দাও।

৪। 'তাসের দেশ' নাটিকাটি কোনো ব্যক্তিবিশেষকে উৎসর্গ করার মূলে নাট্যকারের কোন্ অভিপ্রায় ও উদ্দেশ্য গূঢ়ভাবে বর্তমান তা আলোচনা দ্বারা স্পষ্ট করো।

*অথবা*

'তাসের দেশ'-এর মুখ্য চরিত্রটি বিশ্লেষণ করো।

## পর্ব - ৩

৫। 'চতুরঙ্গ' উপন্যাসের নামকরণ কতখানি সঙ্গত, আলোচনা করো।

*অথবা*

'চতুরঙ্গ' উপন্যাসের কথক হিসেবে শ্রীবিলাসের গুরুত্ব কোথায়?

৬। 'মালঞ্চ' উপন্যাসে 'বিষয়টি পুরোনো এবং চিরনতুন' — এমন বলার পক্ষে যুক্তিসহ আলোচনা করো।

*অথবা*

'মালঞ্চ' উপন্যাসে অপ্রধান চরিত্রগুলির উপযোগিতা সম্পর্কে তোমার অভিমত পর্যালোচনা করো।

## পর্ব - ৪

৭। 'লিপিকা'র রচনাগুলিকে ভাব বা বিষয় অনুযায়ী শ্রেণীবিভক্ত করো এবং সংক্ষেপে প্রতিটি শ্রেণীর পরিচয় দাও।

*অথবা*

'লিপিকা'র অন্তর্গত 'তোতাকাহিনী' রচনাটিতে গল্পরসের পরিবর্তে বক্তব্য প্রধান হয়ে উঠেছে। — মন্তব্যটির বিচার করো।

৮। 'পরমমানবিক সত্তাকে পেরিয়ে গিয়েও পরমজাগতিক সত্তা আছে। সূর্যলোককে ছাড়িয়ে যেমন আছে নক্ষত্রলোক।' — মানুষের ধর্ম বিষয়ে আলোচনা প্রসঙ্গে রবীন্দ্রনাথের এই উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

*অথবা*

'মানুষের ধর্ম' গ্রন্থে আলোচিত লেখকের ধর্মবিষয়ক উপলব্ধির স্বরূপ নিজের ভাষায় লেখো।

---

# ২০১৪
# বাংলা
## সপ্তম পত্র
## বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম **একটি** করে মোট **ছ'টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমূল্য। ১৫×৬=৯০

## পর্ব - ১

১। 'পূরবী' কাব্যের অধিকাংশ কবিতাই নবরাগে জেগে ওঠার আনন্দগান— উজ্জীবন-মন্ত্র, তাকে শুধু 'শেষ রাগিণীর গান' বলা সঙ্গত নয়।— মন্তব্যটি বিশদ করো।

অথবা

'মাটির ডাক' কবিতায় প্রকাশিত কবির প্রকৃতিপ্রীতি ও দেশচেতনার স্বরূপটি ব্যাখ্যা করো।

২। 'প্রান্তিক' কাব্যের কয়েকটি কবিতায় প্রকাশিত কবির তীব্র জীবনপিপাসার পরিচয় দাও।

অথবা

'প্রান্তিক' কাব্যের শেষ কবিতাদুটিতে সাম্রাজ্যবাদী শক্তি সম্পর্কে প্রকাশিত কবির মনোভাব ব্যক্ত করো।

## পর্ব - ২

৩। 'রাজা' নাটককে 'Inner Drama of the Soul' বলা কতটা যৌক্তিক তা বুঝিয়ে দাও।

অথবা

সুদর্শনার আত্মশোধন ও আত্মোপলব্ধিতে দাসী সুরঙ্গমার ভূমিকা ব্যাখ্যা করো।

৪। 'ভাঙতে হবে অলসতার বেড়া, নির্জীবের গণ্ডী, নিরর্থকের আবর্জনা'— এই উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

রবীন্দ্র-গীতিনৃত্যনাট্য হিসেবে 'তাসের দেশ'-এর স্থান নির্ণয় করো।

## পর্ব - ৩

৫। 'চতুরঙ্গ'কে মনস্তাত্ত্বিক উপন্যাস বলা সমীচীন কিনা তা উপন্যাসের বিষয়বস্তু পর্যালোচনা দ্বারা প্রতিষ্ঠা করো।

অথবা

'চতুরঙ্গ' উপন্যাসে দামিনীর চরিত্রবিকাশে চারটি স্তরের গুরুত্ব নির্ণয় করো।

৬। আয়তনে ক্ষুদ্র 'মালঞ্চ'কে উপন্যাস আখ্যা দেওয়া যায় কিনা বিচার করো।

অথবা

'মালঞ্চ'-এর সরলা স্বাতন্ত্র্যময়ী, নবযুগের ভাবনায় গড়া।— মন্তব্যটি বিশ্লেষণ করো।

## পর্ব - ৪

৭। রবীন্দ্রনাথের গদ্যকবিতার পূর্বসূরীরূপে 'লিপিকা'র কয়েকটি রচনা নিয়ে আলোচনা করো।

**অথবা**

'ঘোড়া' ও 'কর্তার ভূত' রচনাদুটির শ্রেণীনির্ণয়-প্রসঙ্গে তার অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও।

৮। ব্যক্তিগত স্বার্থ ও জড়প্রথাগত অভ্যাস কাটিয়ে যাবে তার (মানুষের) প্রয়াস, তবেই বিশ্বগত কর্মের দ্বারা সে হবে বিশ্বকর্মা।— 'মানুষের ধর্ম' ব্যাখ্যা প্রসঙ্গে রবীন্দ্রনাথের উক্তিটি ব্যাখ্যা করো।

**অথবা**

'মানুষ আছে তার দুই ভাবকে নিয়ে, একটা তার জীবভাব, আর একটা বিশ্বভাব।'— উদ্ধৃতিটি ব্যাখ্যা দ্বারা স্পষ্ট করো।

---

২০১৫

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

র্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

তিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

প্রশ্নগুলি সমমূল্য। ১৫×৬=৯০

### পর্ব - ১

। 'পূরবী' কাব্যের 'তপোভঙ্গ' কবিতা অবলম্বনে মহাদেবের তপোভঙ্গের চক্রান্তে কবির ভূমিকার স্বরূপ বুঝিয়ে দাও।

অথবা

রবীন্দ্রকাব্যপ্রবাহে পূরবী-পর্বের আবহে 'শেষ বসন্ত' কবিতাটি কীভাবে সঙ্গতিবহ তা স্পষ্ট করো।

। 'প্রান্তিক' কাব্যের কবিতাগুলি কোন্ অর্থে প্রান্তিক? এদের মধ্যে সুরের ঐক্য আছে কিনা বিচার করো।

অথবা

কবিতা হিসেবে 'প্রান্তিক'— কাব্যের শ্রেষ্ঠ কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করো।

## পর্ব - ২

৩। সাংকেতিক নাটক হিসেবে 'রাজা'-র সার্থকতা বিচার করো।

অথবা

'রাজা' নাটকে নাট্যকারের মূল বক্তব্য উপস্থাপনায় ঠাকুরদা-চরিত্রের উপযোগিতা কোথায়?

৪। তত্ত্বনাট্য হিসেবে 'তাসের দেশ' নাটিকার সার্থকতা নিরূপণ করো।

অথবা

'তাসের দেশ'-এর মুক্তিতে তাসনারীদের ভূমিকার গুরুত্ব কতখানি?

## পর্ব - ৩

৫। 'চতুরঙ্গ' উপন্যাসের শিরোনামের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

'চতুরঙ্গ' উপন্যাসের সূত্রধর বা কথকরূপে শ্রীবিলাস কতটা যুক্তিপূর্ণ ও সঙ্গত তা আলোচনা দ্বারা স্পষ্ট করো।

৬। 'মালঞ্চ'কে মনস্তত্ত্বধর্মী উপন্যাস আখ্যা দেওয়া সঙ্গত কিনা বিচার করো।

অথবা

আদিত্য-চরিত্র পরিকল্পনায় লেখক কতখানি সফল তা বুঝিয়ে দাও।

## পর্ব - ৪

৭। গ্রন্থকারের অনুসরণে 'লিপিকা'র রচনাগুলিকে তিন পর্বে উপস্থাপন করার যৌক্তিকতা বুঝিয়ে দাও।

অথবা

'লিপিকা'র কোনো একটি রচনার ভাববস্তু ও শিল্পরীতি সম্পর্কে আলোচনা করো।

। মানুষের ধর্ম-কেন্দ্রিক আলোচনায় বাউলের অন্বেষণকে রবীন্দ্রনাথ কীভাবে মানুষের ধর্মের সঙ্গে যুক্ত করেছেন তা ব্যাখ্যা করো।

অথবা

'মানুষের ধর্ম'-সম্পর্কিত আলোচনায় 'মানবধর্ম'- প্রবন্ধের মূল বক্তব্য স্পষ্ট করো।

---

# ২০১৬

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান-৯০ সময়-৪ ঘণ্টা

প্রশ্নগুলি সমমূল্য।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম একটি করে মোট ছ'টি প্রশ্নের উত্তর দাও।

### পর্ব—১

১। রবীন্দ্রজীবনে 'পূরবী' কাব্যের আবহে 'পঁচিশে বৈশাখ' কবিতাটির ভাব ও তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা

'পূরবী' কাব্যের 'আগমনী' কবিতাটি চিরনবীনের আগমনী গান। মন্তব্যটি বিশ্লেষণ করো।

২। 'প্রান্তিক' কাব্যে প্রতিফলিত কবির মৃত্যুচেতনার পরিচয় দাও।

অথবা

'প্রান্তিক'-কাব্যের শেষ দুটি কবিতায় সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে কবির বিদ্রোহের স্বরূপ ব্যাখ্যা করো।

### পর্ব—২

৩। Inner Drama of the Soul— 'রাজা' নাটক সম্পর্কে এই মন্তব্যটি বিশদ করো।

অথবা

সুদর্শনার আত্মোপলব্ধি ও আত্মশোধনে দাসী সুরঙ্গমার ভূমিকাটি বুঝিয়ে দাও।

[Turn over]

৪। 'তাসের দেশ' রচনাটিকে কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায়? এতে গীত, নৃত্য ও নাট্যরসের সমন্বয় সার্থক হয়েছে কিনা বিচার করো।

অথবা

রাজপুত্র কেমন করে তাসের দেশের সংস্কার সাধন করতে সমর্থ হলো তা নিজের ভাষায় বিবৃত করো।

পর্ব—৩

৫। 'চতুরঙ্গ' উপন্যাসে শচীশ চরিত্রের বিবর্তনে চারটি পর্বের পরিচয় দাও।

অথবা

'চতুরঙ্গ' উপন্যাসে শ্রীবিলাস ও দামিনীর বিবাহ কতখানি স্বাভাবিক ও সঙ্গতিপূর্ণ তা ব্যাখ্যা দ্বারা স্পষ্ট করো।

৬। 'মালঞ্চ' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলির গুরুত্ব কোথায় বুঝিয়ে দাও।

অথবা

'মালঞ্চ' উপন্যাসের পরিণাম কি বাস্তবসম্মত? তোমার অভিমত যুক্তিসহ বিবৃত করো।

পর্ব—৪

৭। 'লিপিকার' রূপকথাজাতীয় রচনাগুলির সার্থকতা নিরূপণ করো।

অথবা

'পট' অথবা 'কর্তার ভূত' রচনার মূল ভাব বিশ্লেষণ করে দেখাও।

৮। ধর্ম সম্পর্কে সাধারণের প্রচলিত যে ধারণা, রবীন্দ্রনাথের মানুষের ধর্ম সম্পর্কিত উপলব্ধি তা নয়। 'মানুষের ধর্ম' অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

অথবা

'মনের মধ্যে মনের মানুষ করো অন্বেষণ'— 'মানুষের ধর্ম' গ্রন্থের আলোচনার আশ্রয়ে উদ্ধৃতিটির ব্যাখ্যা দাও।

---

21(D)/i M.A./Part-II/BNG-VII(Spl.-R.L.)/DODL/17

# ২০১৭

# বাংলা

## সপ্তম পত্র

## বিশেষ পত্র - রবীন্দ্রসাহিত্য

পূর্ণমান : ৯০ সময় : ৪ ঘণ্টা

প্রশ্নগুলি সমমূল্য।

প্রতিটি পর্ব থেকে ন্যূনতম **একটি** করে মোট **ছ'টি** প্রশ্নের উত্তর দাও।

### পর্ব—১

১। পূরবীর অধিকাংশ কবিতাই 'শেষরাগিণীর বীণ নয়' বরং নবরাগে জেগে ওঠার আনন্দগান — উজ্জীবন মন্ত্র' — পঠিত কবিতাগুলির আলোচনায় প্রতিষ্ঠা করো।

অথবা

লীলাসঙ্গিনীর স্বরূপ বিশ্লেষণ করে কবির মনোধর্মের পরিচয় দাও।

২। প্রান্তিক কাব্যে সাম্রাজ্যবাদী শক্তি ও স্বৈরতন্ত্রী শাসকদের প্রকৃতি কোথায় কিভাবে অনাবৃত তা নির্দেশ করো।

অথবা

প্রান্তিক কাব্যে প্রকাশিত কবির তীব্র জীবন পিপাসার স্বরূপ ব্যাখ্যা করো।

### পর্ব—২

৩। 'রাজা' নাটক অবলম্বনে রবীন্দ্রনাথের রাজার স্বরূপ বুঝিয়ে দাও।

অথবা

'রাজা' নাটকের গানগুলির উপস্থাপনার গুরুত্ব বিচার করো।

৪। 'তাসের দেশ' নাটকে ইচ্ছামন্ত্র বিষয়টির তাৎপর্য বুঝিয়ে দাও।

**অথবা**

'তাসের দেশ' এর মুক্তিতে তাসনারীদের চরিত্রের বিবর্তন কতটা সহায়ক হয়েছে তা নির্দেশ করো।

**পর্ব—৩**

৫। জ্যাঠামশায় অংশটি 'চতুরঙ্গ' উপন্যাসে কেন অপরিহার্য তা আলোচনা করো।

**অথবা**

'চতুরঙ্গ' উপন্যাসে দামিনীর চরিত্র বিকাশের চারটি স্তর সংযোজনের গুরুত্ব ব্যাখ্যা করো।

৬। 'মালঞ্চ' উপন্যাসে 'নীরজা' চরিত্র সৃষ্টিতে নারী মনের অন্তর্দ্বন্দ্বের রূপায়ণ কি শিল্পসার্থক? — যুক্তিসহ বিচার করো।

**অথবা**

'মালঞ্চ' উপন্যাসের নামকরণের সার্থকতা প্রতিপাদন করো।

**পর্ব—৪**

৭। গ্রন্থকারের অনুসরণে 'লিপিকার' রচনাগুলিকে তিন পর্বে উপস্থাপন করার যৌক্তিকতা বুঝিয়ে দাও।

**অথবা**

রবীন্দ্রনাথের শিক্ষাসম্পর্কিত আদর্শভাবনা 'তোতাকাহিনী'র মধ্যে মূর্ত হয়েছে বিশ্লেষণ করো।

৮। 'মানুষের ধর্ম' প্রবন্ধটি প্রেয়কে ছেড়ে শ্রেয়ের দিকে উত্তরণের পথ সন্ধান — আলোচনা করো।

**অথবা**

প্রচলিত ধর্ম ভাবনার থেকে রবীন্দ্রনাথের মানুষের ধর্মের পার্থক্য নির্দেশ করো।

---